## সপ্তম অধ্যায়

# বাংলাদেশের অর্থনীতি



কোনো সমাজ বা জনগোষ্ঠী সাধারণত যে ধরনের অর্থনৈতিক কাজ করে জীবনধারণ করে তাকেই ঐ সমাজ বা জনগোষ্ঠীর অর্থনৈকতিক জীবনধারা বলে। পৃথিবীর অনেক দেশের মতো আমাদের অর্থনীতির প্রধান খাতগুলো হলো– কৃষি, শিল্প, ব্যবসা–বাণিজ্য, সেবা ও প্রবাসীদের প্রেরিত অর্থ। আধুনিক রাষ্ট্রে এই খাতগুলোর কোনোটির গুরুত্ব অন্যটির চেয়ে কম নয়।

### শিক্ষার্থীরা যা জানবে–

- বাংলাদেশের জনগণের অর্থনৈতিক জীবনধারা
- গ্রাম ও শহরের অর্থনৈতিক কাজ
- শহর ও গ্রামের অর্থনীতির তুলনা
- বাংলাদেশের অর্থনীতির প্রধান প্রধান খাত
- বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গুরুত্ব
- বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনা
- বাংলাদেশের অর্থনৈতিক কার্যাবলি

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. বাংলাদেশে শিল্পের কাঁচামালের অন্যতম উৎস কোনটি?**
● কৃষিখাত ⓪ শিল্পখাত ⓖ আমদানিখাত ⓘ সেবাখাত

**২. শহরের অর্থনীতিকে সচল রাখে–**
i. ধনী, শিল্পপতি ও ব্যবসায়ী
ii. চাকরিজীবী, মধ্যবিত্ত ও পেশাজীবী
iii. নিম্নবিত্ত, শ্রমিক ও দিনমজুর
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓦ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সিরাজগঞ্জের সবজি চাষি বিমল মিত্র তার উৎপাদিত কাঁচা সবজি গ্রামেই বিক্রি করত। গ্রামে তেমন চাহিদা না থাকায় কমদামে বিক্রি করতে হতো। বঙ্গবন্ধু সেতু নির্মাণের পর এখন সে প্রতিদিন ঢাকায় এসে সবজি বিক্রি করায় তার আয় তিনগুণ বেড়ে যায়।

**৩. বিমল মিত্রের আয় বৃদ্ধির মূল কারণ কী–**
● অবকাঠামোগত নির্মাণ ⓦ কৃষির আধুনিকীকরণ
ⓖ সঠিক সিদ্ধান্ত গ্রহণ ⓘ পরিকল্পনা বাস্তবায়ন

**৪. উক্ত নির্মাণের ফলে সংগঠিত হচ্ছে–**
i. অর্থনৈতিক উন্নয়ন
ii. শিল্পের প্রসার
iii. বাজার সম্প্রসারণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** বাংলাদেশের অর্থনীতির খাতসমূহ

আশরাফ আলী তার কারখানায় পশুর চামড়া দিয়ে ব্যাগ তৈরি করেন। প্রথম বছরে ইংল্যান্ডে তার তৈরি ব্যাগ স্বল্প পরিমাণে বিক্রি হলেও তিন বছর শেষে ইউরোপের কয়েকটি দেশে তার পণ্যের ব্যাপক চাহিদা পরিলক্ষিত হয়। অন্যদিকে তার স্ত্রী মিসেস জমিলা প্রতিদিন বাড়ির আঙিনার খামার থেকে প্রায় শতাধিক ডিম বাজারে বিক্রি করেন। দুজনের যৌথ প্রচেষ্টায় তাদের সুখের সংসার।

ক. বাংলাদেশের মোট জনসংখ্যার কতো অংশ শহরাঞ্চলে বাস করে?
খ. বাংলাদেশকে কৃষিপ্রধান দেশ বলা হয় কেন?
গ. মিসেস জমিলার কাজটি অর্থনীতির কোন খাতের বৈশিষ্ট্যের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর।
ঘ. আশরাফ আলী ও মিসেস জমিলার কাজের মধ্যে কোনটি অর্থনৈতিক উন্নয়নে অধিক সহায়ক বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের মোট জনসংখ্যার ত্রিশ শতাংশ শহরাঞ্চলে বাস করে।

**খ** বাংলাদেশের অধিকাংশ লোক কৃষিজীবী। কৃষিই তাদের জীবিকার প্রধান অবলম্বন। এমনকি যাদের নিজস্ব জমি নেই তারাও অন্যের জমিতে কাজ করে জীবিকা নির্বাহ করে। বাংলাদেশের অধিকাংশ জনগণ জীবিকার জন্য সরাসরি কৃষির ওপর নির্ভরশীল। তাই বাংলাদেশকে কৃষিপ্রধান দেশ বলা হয়।

**গ** মিসেস জমিলার কাজটি অর্থনীতির কৃষি খাতের বৈশিষ্ট্যের সঙ্গে সংগতিপূর্ণ। পৃথিবীর অন্য যেকোনো দেশের মতো আমাদের অর্থনীতিরও প্রধান খাতগুলো হলো কৃষি, শিল্প, ব্যবসা–বাণিজ্য ও সেবাখাত। এই খাতগুলোর মধ্যে কৃষিখাত অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি খাত। ধান, পাট, চা, ডাল, রবিশস্য, শাকসবজি ও ফলমূল উৎপাদন, বনজ সম্পদ, পশুপালন ও মৎস্যচাষকে কৃষিখাতের মধ্যে ধরা হয়। আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান প্রায় ২০ শতাংশ। উদ্দীপকে আমরা দেখি, মিসেস জমিলার একটি মুরগির খামার আছে। প্রতিদিন এখান থেকে উৎপাদিত প্রায় শতাধিক ডিম তিনি বাজারে বিক্রি করছেন। উৎপাদনের এ ব্যবস্থাটি কৃষিখাতের পশুপালনের আওতাভুক্ত। সুতরাং বলা যায়, মিসেস জমিলার কাজটি অর্থনীতির কৃষিখাতের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

**ঘ** আশরাফ আলী ও মিসেস জমিলার কাজের মধ্যে আশরাফ আলীর কাজটি অর্থনৈতিক উন্নয়নে অধিক সহায়ক বলে আমি মনে করি। অর্থনীতির খাত শিল্প ও ব্যবসা–বাণিজ্য একটি দেশের অভ্যন্তরীণ চাহিদা মেটানোর পাশাপাশি বৈদেশিক মুদ্রা উপার্জনে সহায়তা করে। যেমন : উদ্দীপকে আমরা দেখি, আশরাফ আলী লন্ডন ও ইউরোপের কয়েকটি দেশে তার কারখানার উৎপাদিত চামড়ার ব্যাগ রপ্তানি করে। আর মিসেস জমিলা তার মুরগির খামারে উৎপাদিত শতাধিক ডিম বাজারে বিক্রি করে। এভাবে মিসেস জমিলার কাজের মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণ হচ্ছে আর আশরাফ আলীর কাজের মাধ্যমে স্থানীয় চাহিদা পূরণের পাশাপাশি বিদেশে রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা উপার্জিত হচ্ছে। সুতরাং নির্দ্বিধায় বলা যায়, দেশের অর্থনৈতিক উন্নয়নে উভয়ের কাজ গুরুত্বপূর্ণ হলেও মিসেস জমিলার কাজের তুলনায় আশরাফ আলীর কাজটি অধিক সহায়ক।

**প্রশ্ন– ২** গ্রামীণ অর্থনীতি ও মানবসম্পদ

মধ্যবিত্ত লোকমান সাহেবের চার ছেলের সবাই বেকার। বড় ছেলে আরমানকে ধার দেনা করে সৌদি আরব পাঠানোর পর সে একটি খেজুর বাগানে কাজ পেল। সেখানে মরুভূমির অনুর্বর জমিতে মেধা ও প্রযুক্তি ব্যবহার করে খেজুরসহ বিভিন্ন ধরনের ফলের চাষ দেখে সে অনুপ্রাণিত

হয়। নিজ দেশের অনুন্নত কৃষির কথা চিন্তা করে পরের বছরই সে দেশে ফিরে এসে তিন ভাইকে নিয়ে খামার করার সিদ্ধান্ত নেয়। বেকার তিন ভাইকে হর্টিকালচার সেন্টার থেকে কৃষি উৎপাদন সম্পর্কিত প্রশিৰণ দিয়ে চার ভাই একত্রে একটি খামার তৈরি করে এবং স্বল্প সময়ের মধ্যে সফল ব্যবসায়ী হিসাবে প্রতিষ্ঠা পায়।

ক. আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান কতো শতাংশ?
খ. সেবাখাত বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।
গ. জনাব আরমান সৌদি আরব থেকে ফিরে কোন অর্থনীতির সাথে যুক্ত হয়েছেন? ব্যাখ্যা কর।
ঘ. "জনাব লোকমানের বেকার চার পুত্রই এখন মানবসম্পদ"– মূল্যায়ন কর।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান ২০ শতাংশেরও বেশি।

**খ** সেবাখাত বলতে মূলত যে খাতগুলো দেশের সমগ্র জনগোষ্ঠীকে নানাক্ষেত্রে সেবা প্রদান করে সেগুলোকে বোঝায়। যেকোনো দেশের অর্থনীতিতে সেবাখাত একটি বড় ভূমিকা পালন করে। শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, পরিবহন বা যোগাযোগ ব্যবস্থা, ব্যাংক, বীমা, জনপ্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী এগুলো হলো সেবাখাতের উদাহরণ। সরকারি ও বেসরকারি উভয় উদ্যোগেই এই খাতটি পরিচালিত হয়।

**গ** জনাব আরমান সাহেব সৌদি আরব থেকে ফিরে গ্রামীণ অর্থনীতির সাথে যুক্ত হয়েছে। বাংলাদেশের বেশিরভাগ মানুষ গ্রামে বাস করে। এদেশে ৬০ হাজারেরও বেশি গ্রাম আছে। আর গ্রামের অধিকাংশ লোক কৃষিজীবী। কৃষিই তাদের জীবিকার প্রধান অবলম্বন। আমাদের অর্থনীতির সবচেয়ে প্রয়োজনীয় ও গুরবত্বপূর্ণ খাত হওয়া সত্ত্বেও এক সময় কৃষি ছিল অত্যন্ত অবহেলিত। কিন্তু বর্তমানে কৃষিতে আধুনিক যন্ত্রাপাতির ব্যবহার এবং সার, কীটনাশক ও উচ্চফলনশীল বীজের প্রয়োগ হচ্ছে। এর ফলে ফসলের উৎপাদনই শুধু বাড়েনি, গ্রামীণ অর্থনীতির জন্য তা নতুন সম্ভাবনা সৃষ্টি করেছে। উদ্দীপকেও আরমান সাহেব সৌদি আরবে কৃষি কাজে তথ্যপ্রযুক্তির ব্যবহার দেখে অনুপ্রাণিত হন এবং দেশে ফিরে কৃষি ৰেত্রে উন্নয়নমূলক কাজ করার উদ্যোগ নেন। বাংলাদেশে তিনি তিন ভাইকে নিয়ে খামার করার সিদ্ধান্ত নেন, বেকার তিন ভাইকে হার্টিকালচার সেন্টার থেকে কৃষি উৎপাদন সম্পর্কিত প্রশিৰণ দিয়ে চার ভাই একত্রে একটি খামার তৈরি করেন এবং স্বল্প সময়ের মধ্যে সফল ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠা পায়। সুতরাং উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায় যে, জনাব আরমান সাহেব সৌদি আরব থেকে ফিরে গ্রামীণ অর্থনীতির সাথে যুক্ত হয়েছেন।

**ঘ** দক্ষ ও সফল ব্যবসায়ী হিসেবে জনাব লোকমানের বেকার চার পুত্রই এখন মানব সম্পদ। মানব শক্তিকে মানব সম্পদে পরিণত করতে হলে তার জন্য দরকার শিক্ষা ও উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে কর্মে দক্ষ করে তোলা। কারণ দক্ষ মানুষ যেমন ব্যক্তিগতভাবে সফল হয় তেমনি রাষ্ট্রের অর্থনৈতিক কার্যক্রমকেও গতিশীল করতে পারে। কেননা এ ধরনের মানুষ তার দক্ষতা দিয়ে সম্পদ আহরণ বা উৎপাদন করতে পারে। দক্ষ মানুষকেই মানব সম্পদ বলে। উদ্দীপকে জনাব লোকমান সাহেবের চার পুত্রই এখন মানবসম্পদ। তার কারণ জনাব আরমান সৌদি আরব থেকে শিখেছে কীভাবে মেধা ও প্রযুক্তি ব্যবহার করে কৃষি কাজে অধিক উৎপাদন করা সম্ভব। তারপর তিনি দেশে ফিরে তিন ভাইকে হর্টি কালচার সেন্টার থেকে কৃষি উৎপাদন সম্পর্কিত প্রশিক্ষণ গ্রহণ করান ও স্বল্প সময়ের মধ্যে সাফল্য লাভ করেন। সুতরাং বলা যায় যে, জনাব লোকমান সাহেবের চার পুত্রই এখন মানবসম্পদ কথাটি যুক্তিযুক্ত।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১ ও ২ : অর্থনৈতিক জীবনধারা** ➠ বোর্ড বই, পৃষ্ঠা-৫৪

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১. কোন ধরনের কাজকে অর্থনৈতিক জীবনধারা বলে?** (জ্ঞান)
ⓚ সামাজিক রীতিনীতিকে ● অর্থনৈতিক কাজকর্মকে
ⓖ জ্ঞান অন্বেষণকে ⓘ ধর্মীয় আচার অনুষ্ঠানকে

**২. বাংলাদেশের গ্রামাঞ্চলের অধিকাংশ মানুষের পেশা কী?**
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓚ কামার ⓛ ব্যবসায়ী ● কৃষক ⓘ জেলে

**৩. মাটির হাঁড়ি–পাতিল যারা তৈরি করেন তাদের কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ কামার ⓛ জেলে ● কুমোর ⓘ তাঁতি

**৪. কৃষক, কামার–কুমোর, জেলে, তাঁতি প্রভৃতি পেশাজীবী কী সচল রেখেছেন?** (জ্ঞান)
ⓚ গ্রামীণ প্রকৃতি ● গ্রামীণ অর্থনীতি
ⓖ গ্রামীণ সম্প্রদায় ⓘ গ্রামীণ সংস্কৃতি

**৫. আমাদের অর্থনীতির প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ খাত কোনটি?**
[বি এএফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর]
ⓚ শিল্প ⓛ রপ্তানি
ⓖ ব্যবসা–বাণিজ্য ● কৃষি

**৬. দেশের শিল্প বাণিজ্য ও জনগণের কর্মসংস্থানের বিষয়টি কীসের ওপর নির্ভরশীল?** (জ্ঞান)
ⓚ শহর অর্থনীতি ⓛ বৈদেশিক বাণিজ্য
● গ্রামীণ অর্থনীতি ⓘ কুটির শিল্প

**৭. জাতীয় অর্থনীতির মূলভিত্তি কী?** (জ্ঞান)
● গ্রামীণ অর্থনীতি ⓛ বৈদেশিক বাণিজ্য
ⓖ শহর অর্থনীতি ⓘ চামড়া শিল্প

**৮. বাংলাদেশের বেশিরভাগ মানুষ কোথায় বাস করে?**
[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
● গ্রামে ⓛ বিদেশে ⓖ শহরে ⓘ উপশহরে

**৯. বাংলাদেশের মোট জনসংখ্যার কত অংশ শহরাঞ্চলে বাস করে?**
[মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ এক–দ্বিতীয়াংশ ● এক–তৃতীয়াংশ
ⓖ এক–চতুর্থাংশ ⓘ এক পঞ্চমাংশ

**১০. জাতীয় অর্থনীতিতে কাদের ভূমিকা দিন দিন গুরুত্বপূর্ণ হয়ে উঠছে?** (জ্ঞান)
● শহুরে জনগণের ⓛ বিদেশিদের
ⓖ গ্রামীণ জনগণের ⓘ উপজাতিদের

**১১. বাংলাদেশের মানুষের জীবিকার প্রধান উৎস কী?** (জ্ঞান)
ⓚ শিল্প ⓛ বাণিজ্য ● কৃষি ⓘ ব্যবসা

**১২. বিদেশ থেকে খাদ্য আমদানির কারণ কী?** (জ্ঞান)
ⓚ অর্থের প্রাচুর্য ● খাদ্যঘাটতি পূরণ

ⓖ ভবিষ্যতের জন্য সঞ্চয় ⓘ ব্যবসায়িক কারণ

**১৩. ভাসমান মানুষেরা ফুটপাতে রাত কাটায় কেন?** (অনুধাবন)
● আবাসনের অভাব ⓚ অবসর বিনোদনের জন্য
ⓖ স্বভাববশত ⓘ অভিজ্ঞতা অর্জনের জন্য

**১৪. বাংলাদেশের বন্দরনগরী কোনটি?**
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; যশোর জিলা স্কুল]
ⓚ ঢাকা ● চট্টগ্রাম ⓖ সিলেট ⓘ খুলনা

**১৫. গ্রামের মানুষ শহরের মানুষের ওপর অধিক মাত্রায় নির্ভরশীল কেন?** (অনুধাবন)
● মৌলিক চাহিদা পূরণের জন্য ⓚ খাদ্য ঘাটতি পূরণের জন্য
ⓖ উন্নত কৃষি জ্ঞান অর্জনের জন্য ⓘ কৃষি সরঞ্জামের জন্য

**১৬. গ্রামীণ অর্থনীতির জন্য নতুন সম্ভাবনার সৃষ্টি করেছে কোনটি?** (অনুধাবন)
ⓚ সার ⓚ কীটনাশক ● প্রযুক্তি ⓘ উন্নত বীজ

**১৭. গ্রাম ও শহরের মানুষের জীবনধারার পার্থক্য কমে যাওয়ার কারণ কী?** (অনুধাবন)
● নগরায়ন ⓚ কৃষি অর্থায়ন ⓖ বনায়ন ⓘ শিক্ষার প্রসার

**১৮. দেশে দুর্ভিক্ষের কারণ কী হতে পারে?** (জ্ঞান)
● খাদ্য ঘাটতি ⓚ অর্থনৈতিক সমস্যা
ⓖ আমদানি সমস্যা ⓘ রাজনৈতিক সমস্যা

**১৯. গ্রামের মানুষের জীবিকার প্রধান অবলম্বন কী?** (জ্ঞান)
ⓚ ব্যবসা ⓚ মাছ চাষ ● কৃষি ⓘ শ্রমিক

**২০. গ্রামাঞ্চলের মানুষ সংসারের দরকারি চাহিদা পূরণ করে কীভাবে?** (অনুধাবন)
ⓚ ছোটখাটো ব্যবসা পরিচালনা করে
ⓚ উৎপাদিত কৃষিজ পণ্য বাজারে বিক্রি করে
ⓖ উৎপাদিত খাদ্য শহরে যোগান দিয়ে
● গ্রামীণ অর্থনীতিকে সচল রেখে

**২১. বাংলাদেশকে কৃষিনির্ভর দেশ বলা হয় কেন?**
[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
ⓚ দেশের অধিকাংশ লোক তাঁতি
ⓚ দেশের অধিকাংশ লোক ব্যবসায়ী
ⓖ দেশের অধিকাংশ লোক জেলে
● দেশের অধিকাংশ লোক কৃষিজীবী

**২২. শিল্পের কাঁচামালের প্রধান উৎস আমরা কোথা থেকে পাই?** (অনুধাবন)
● কৃষিখাত থেকে ⓚ ব্যবসায়-বাণিজ্য থেকে
ⓖ সেবাখাত থেকে ⓘ অবকাঠামো নির্মাণ থেকে

**২৩. কৃষকেরা নিজেদের খাদ্য চাহিদা পূরণের পর কাদের জন্য খাদ্য জোগান দেন?** (জ্ঞান)
ⓚ বিদেশিদের ⓚ উপজাতিদের ● দেশবাসীর ⓘ শহরবাসীর

**২৪. মাসুদ নারায়ণগঞ্জে চাকরি করে। তার চাকরির শহরটিকে কোন ধরনের শহর হিসেবে আখ্যায়িত করা হয়?** (প্রয়োগ)
ⓚ বন্দরনগরি ⓚ বেকারত্ব শহর ⓖ ঘনবসতি শহর ● শিল্পশহর

**২৫. গ্রামের লোকেরা শহরের লোকদের কী জোগান দেন?** (জ্ঞান)
ⓚ শিল্পপতি ● শ্রমিক ⓖ ব্যবসায়ী ⓘ চাকরিজীবী

**২৬. কৃষক ছাড়াও গ্রামে আর কোন সম্প্রদায়ের লোক বাস করে?** (জ্ঞান)
● জেলে ⓚ উপজাতি ⓖ শিল্পপতি ⓘ ব্যবসায়ী

**২৭. বর্তমানে কৃষিতে কী ব্যবহৃত হচ্ছে?** (জ্ঞান)
● উচ্চফলনশীল বীজ ⓚ দক্ষ জনশক্তি
ⓖ জৈব প্রযুক্তি ⓘ কাঠের লাঙল

**২৮. খাদ্য ঘাটতি পূরণে আমদানি করতে ব্যর্থ হলে কী ঘটবে?** (জ্ঞান)
● দুর্ভিক্ষ ⓚ রাজনৈতিক অস্থিতিশীলতা
ⓖ অর্থনৈতিক অস্থিতিশীলতা ⓘ গৃহযুদ্ধ

**২৯. দেশে খাদ্য ঘাটতি হলে করণীয় কী?** (অনুধাবন)
● খাদ্য আমদানি ⓚ ত্রাণের আবেদন
ⓖ খাদ্য রপ্তানি ⓘ বৈদেশিক সাহায্যের আবেদন

**৩০. সবচেয়ে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ খাত হলো কৃষি। তা সত্ত্বেও আমাদের দেশের কৃষি–** (প্রয়োগ)
ⓚ উন্নত ⓚ উৎপাদনশীল ● অবহেলিত ⓘ বাণিজ্যিক

**৩১. শিল্প-বাণিজ্যের মতো কোন বিষয়টি গ্রামীণ অর্থনীতির ওপর নির্ভরশীল?** (অনুধাবন)
ⓚ শিক্ষা ⓚ মৎস্য উৎপাদন
● জনগণের কর্মসংস্থান ⓘ আমদানি রপ্তানি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩২. কৃষি কাজ ছাড়াও গ্রামের মানুষের একটা অংশ–**
[ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, খিলগাঁও, ঢাকা]
i. জেলে
ii. কুমোর ও ছুতার
iii. তাঁতী ও কামার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৩. বাংলাদেশের অর্থনীতি মূলত নির্ভর করে–** [যশোর জিলা স্কুল]
i. কৃষি ও শিল্পের ওপর
ii. ব্যবসা ও বাণিজ্যের ওপর
iii. সরকারের ওপর
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৩৪. বর্তমানে আমাদের দেশের কৃষিতে ব্যবহার হচ্ছে—** [খুলনা জিলা স্কুল]
i. আধুনিক যন্ত্রপাতি
ii. সার
iii. কীটনাশক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৫. গ্রাম ও শহরের মানুষের জীবনধারার পার্থক্য কমে এসেছে–** (উচ্চতর দক্ষতা)
i. শিল্পায়নের ফলে
ii. ব্যবসা-বাণিজ্যের ফলে
iii. নগরায়নের ফলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ● i ও iii ⓘ ii ও iii

**৩৬. গ্রামের মানুষ এখন আগের তুলনায় অনেক বেশি শহরের ওপর নির্ভরশীল–**
[মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. লেখাপড়ার জন্য
ii. কর্মসংস্থানের জন্য
iii. চিত্তবিনোদনের জন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৩৭. গ্রামের লোকদের শহরে আসার মূল কারণ–** (উচ্চতর দক্ষতা)
i. উন্নত জীবন ব্যবস্থা ii. শিল্পায়ন
iii. কৃষিদ্রব্য বিক্রয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ● i ও ii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম একজন ভূমিহীন কৃষক। এ বছর বন্যায় ফসলের ব্যাপক ক্ষতি হওয়ায় সে অভাবের তাড়নায় সপরিবারে খুলনা শহরে পাড়ি জমায়। সে ও তার স্ত্রী একটি গার্মেন্টসে চাকরি নেয়।

**৩৮. রহিমের সপরিবারে খুলনা শহরে গমন কীসের ইঙ্গিত বহন করে?** (প্রয়োগ)
● শহরমুখী নির্ভরশীলতা ⓚ অভাব অনটন
ⓖ গ্রামের প্রাকৃতিক দুর্যোগ ⓘ উন্নত জীবনের আকাঙ্ক্ষা

**৩৯. রহিমের শহর গমনের মূল কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
ⓚ কর্মসংস্থানের অভাব ● খাদ্য ঘাটতি
ⓖ বন্যায় সৃষ্ট জলাবদ্ধতা ⓘ ফসলের ক্ষতি

## ➲ পাঠ-৩ : বাংলাদেশের অর্থনীতির খাতসমূহ
➡ বোর্ড বই, পৃষ্ঠা-৫৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪০. আমাদের অর্থনীতির প্রধান খাত কয়টি?** (জ্ঞান)

ক ২ ● ৪ গ ৬ ঘ ৮

**৪১. আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান কত?** [খুলনা জিলা স্কুল, শরিয়তপুর সরকারি উচ্চ বিদ্যালয়]
● প্রায় ২০ শতাংশ খ ২০ শতাংশের বেশি
গ ৩০ শতাংশের বেশি ঘ ৪০ শতাংশ

**৪২. কোন খাত থেকে অধিক বৈদেশিক মুদ্রা অর্জিত হয়?** (জ্ঞান)
ক কৃষি খ শিল্প
● ব্যবসা–বাণিজ্য ঘ সেবা

**৪৩. কোন খাতটি সরকারি ও বেসরকারি উভয় উদ্যোগেই পরিচালিত হয়?** (জ্ঞান)
● সেবা খ শিল্প গ কৃষি ঘ ব্যবসা–বাণিজ্য

**৪৪. দেশের বাইরে কর্মরত বাংলাদেশিদের কী বলে?** (জ্ঞান)
ক বিদেশি ● প্রবাসী গ যাযাবর ঘ উপজাতি

**৪৫. প্রাচীনকাল থেকেই এদেশের অর্থনীতিতে কোনটি মুখ্য ভূমিকা পালন করে আসছে?** (অনুধাবন)
ক চাকরি ● কৃষি গ মৎস ঘ বস্ত্র

**৪৬. উন্নত দেশের অর্থনীতিতে কোন খাতের ভূমিকা গুরুত্বপূর্ণ?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
● শিল্পখাতের খ কৃষিখাতের
গ ব্যবসা–বাণিজ্যখাতের ঘ সেবাখাতের

**৪৭. শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, পরিবহন বা যোগাযোগ ব্যবস্থা, ব্যাংক–বীমা, জনপ্রশাসন, আইনশৃঙ্খলা ইত্যাদি কোন খাতের উদাহরণ?** [সরকারি পিএন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
ক কৃষিখাতের খ শিল্পখাতের
● সেবাখাতের ঘ ব্যবসা–বাণিজ্যখাতের

**৪৮. কোন চাহিদার কারণে দেশের অধিকাংশ মানুষ কৃষির উপর নির্ভরশীল?** (অনুধাবন)
ক বস্ত্র খ বাসস্থান ● খাদ্য ঘ ওষুধ

**৪৯. বাংলাদেশ কোন শিল্পে সর্বাধিক সাফল্য লাভ করেছে?** (অনুধাবন)
ক পর্যটন খ চিংড়ি ● পোশাক ঘ কুটির

**৫০. কোনটি শিল্পখাতের অন্তর্ভুক্ত?** (অনুধাবন)
ক মৎস্য চাষ ● কাগজ গ পশু পালন ঘ স্বাস্থ্য

**৫১. অভ্যন্তরীণ বাণিজ্য বলতে কী বোঝ?** (অনুধাবন)
ক আমদানি বাণিজ্য
● দেশের ভেতরে জিনিসপত্র ক্রয়–বিক্রয়
গ রপ্তানি বাণিজ্য
ঘ অভ্যন্তরীণ উৎপাদন

**৫২. শিল্পোন্নয়নকে অত্যধিক গুরুত্ব দেয়া হয় কেন?** (অনুধাবন)
ক অভ্যন্তরীণ চাহিদা পূরণ খ বাণিজ্যিক প্রয়োজন
● বৈদেশিক মুদ্রা ঘ চাহিদা বৃদ্ধি

**৫৩. জনকল্যাণকে বেশি গুরুত্ব দিলে সেবাখাতের অবস্থা কী হয়?** (অনুধাবন)
ক নিপীড়ক ● শক্তিশালী গ ব্যয়বহুল ঘ গুরুত্বহীন

**৫৪. বিশ্ববাজার থেকে খাদ্য সংগ্রহ করা কঠিন। এজন্য আমাদের কী প্রয়োজন?** (অনুধাবন)
ক আমদানি বাড়ানো খ পরনির্ভরশীল হওয়া
● স্বনির্ভর হওয়া ঘ ভর্তুকি দেয়া

**৫৫. শিল্পোন্নয়নের পাশাপাশি গুরবত্বপূর্ণ খাত কোনটি?** (জ্ঞান)
ক শিল্পের প্রসার ● কৃষি অর্থনীতি
গ ব্যবসা–বাণিজ্য ঘ প্রযুক্তি

**৫৬. শিল্প–বাণিজ্যের মতো কোন বিষয়টি গ্রামীণ অর্থনীতির ওপর নির্ভরশীল?** (জ্ঞান)
ক শিক্ষা খ মৎস্য উৎপাদন
● জনগণের কর্মসংস্থান ঘ আমদানি রপ্তানি

**৫৭. কৃষি উপকরণ আমরা কীভাবে নিজেরা উৎপাদন করতে পারি?** (অনুধাবন)
● শিল্পের উন্নতি ঘটিয়ে
খ সেবাখাতকে অগ্রাধিকার দিয়ে
গ শিৰাখাতে বিনিয়োগ বাড়িয়ে
ঘ কৃষি উপকরণকে সহজলভ্য করে

**৫৮. বর্তমানে কোনটি অর্থনীতিতে একটি বড় ভূমিকা পালন করে?** (অনুধাবন)
ক বিদেশি অনুদান খ বৈদেশিক ত্রাণসাহায্য
● প্রবাসীদের প্রেরিত অর্থ ঘ বৈদেশিক সাহায্য

**৫৯. বাংলাদেশের উৎপাদিত শিল্পসামগ্রীর মধ্যে অনুপস্থিত কোনটি?** (প্রয়োগ)
ক পাটজাত দ্রব্য খ সুতা ও কাপড়
গ চিনি ও হিমায়িত খাদ্য ● উন্নত কৃষি যন্ত্রপাতি

**৬০. কৃষিখাত দেশের মানুষের খাদ্য চাহিদা পূরণ করার পাশাপাশি আর কী সরবরাহ করে?** (অনুধাবন)
ক বৈদেশিক মুদ্রা খ রপ্তানি পণ্য
● শিল্পের কাঁচামাল ঘ আমদানি পণ্য

**৬১. কোনটি সেবা খাতের অন্তর্ভুক্ত?** [বনশ্রী আইডিয়াল স্কুল, ঢাকা]
ক কৃষি ● স্বাস্থ্য গ বনজ ঘ মৎস্য

**৬২. ব্যবসাখাত অভ্যন্তরীণ বাজারে পণ্য সামগ্রী সহজলভ্য করার পাশাপাশি কোনটি করে?** (অনুধাবন)
ক মূল্য হ্রাস ● বৈদেশিক মুদ্রা উপার্জন
গ মূল্যবৃদ্ধি ঘ বিদেশে পাচার

**৬৩. অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্য আমাদের অর্থনীতির কোন ধরনের খাত?** [সরকারি পি.এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
● প্রধান খ গুরুত্বপূর্ণ
গ প্রয়োজনীয় ঘ অতি প্রয়োজনীয়

**৬৪. একটি দেশের সেবাখাত কখন শক্তিশালী হয়ে ওঠে?** (উচ্চতর দৰতা)
ক বেশি পরিমাণ রাজস্ব আদায় করলে
● জনগণের কল্যাণকে গুরবত্ব দিলে
গ বেশি বৈদেশিক মুদ্রা আয় করলে
ঘ আমদানি রপ্তানি বাণিজ্য ভারসাম্য থাকলে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৫. যে বিষয়গুলো শিল্পখাতের অন্তর্ভুক্ত–** (অনুধাবন)
i. কারখানায় উৎপাদিত সামগ্রী
ii. বিদ্যুৎ ও গ্যাস
iii. অবকাঠামো নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ● i, ii ও iii

**৬৬. অভ্যন্তরীণ বাণিজ্য বলতে বোঝায়–** (অনুধাবন)
i. ব্যক্তিগত উদ্যোগে কেনাবেচা
ii. প্রাতিষ্ঠানিক উদ্যোগে কেনাবেচা
iii. সরকারি উদ্যোগে কেনাবেচা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৭. সেবাখাতের আওতাভুক্ত হলো–** (অনুধাবন)
i. শিক্ষা, স্বাস্থ্য, আবাসন
ii. পরিবহন, জনপ্রশাসন
iii. বিদ্যুৎ, গ্যাস
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৮. বাংলাদেশের সেবাখাতগুলো হলো–** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]
i. আবাসন, ব্যাংক বীমা
ii. স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা
iii. বিদ্যুৎ, গ্যাস
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৯. কৃষিখাতের মধ্যে ধরা হয়–** (অনুধাবন)
i. খাদ্যশস্য ও রবিশস্য
ii. শাকসবজি ও ফলমূল উৎপাদন
iii. বনজ সম্পদ, পশুপালন ও মৎস্য চাষ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭০. বর্তমানে সরকার কৃষি উন্নয়নে ভূমিকা পালন করছে–** (উচ্চতর দৰতা)
i. ভর্তুকি মূল্যে সার সরবরাহ করে
ii. কৃষি উপকরণ সরবরাহ করে

iii. নগদ অর্থ প্রদান করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii

**৭১. আমাদের মতো উন্নয়নশীল দেশের খাদ্যে স্বনির্ভর হওয়া বিশেষভাবে প্রয়োজন। কারণ–** (প্রয়োগ)
i. বিশ্ববাজারে খাদ্যশস্য সংগ্রহ করা কঠিন
ii. বিশ্ববাজারে খাদ্যশস্যের দাম খুব চড়া থাকে
iii. দেশে খাদ্যশস্যের দাম স্থিতিশীল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**৭২. কৃষি উৎপাদনকে অনেক গুণ বাড়াতে প্রয়োজন–** (অনুধাবন)
i. উন্নত কৃষি যন্ত্রপাতি
ii. উচ্চফলনশীল বীজ
iii. সার ও কীটনাশক
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৩ ও ৭৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জমির উদ্দিন বড় ব্যবসায়ী। পৃথিবীর বিভিন্ন দেশে তিনি হিমায়িত খাদ্য রপ্তানি করেন। পাটজাত দ্রব্য উৎপাদনের ব্যবসাও তার আছে। তার কারখানাতে অনেক লোক কাজ করে।

**৭৩. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী জাতীয় অর্থনীতিতে কোন খাতের ইঙ্গিত করে?** (প্রয়োগ)
ⓐ কৃষি ⓑ শিল্প ● ব্যবসা–বাণিজ্য ⓓ সেবা

**৭৪. উক্ত ব্যবসায়িক কর্মকাণ্ডের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক কোনটি?** (উচ্চতর দক্ষতা)
ⓐ স্থানীয় চাহিদা পূরণ ● বৈদেশিক মুদ্রা উপার্জন
ⓖ জনগণের কর্মসংস্থান ⓓ ব্যবসা–বাণিজ্যের প্রসার

## ➲ পাঠ-৪ : বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনা

➠ বোর্ড বই, পৃষ্ঠা-৫৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৫. বিশ্বের অর্থনৈতিক উন্নয়নের গতিধারার দিক থেকে বাংলাদেশ কী ধরনের দেশ?** (জ্ঞান)
● উন্নয়নশীল ⓑ উন্নত ⓖ স্বল্পোন্নত ⓓ দরিদ্র

**৭৬. বাংলাদেশের উন্নয়নের পথে বাধা বা সমস্যা কোনটি?** (জ্ঞান)
ⓐ সততার অভাব ⓑ রাজনৈতিক অস্থিতিশীলতা
● শিক্ষার অভাব ⓓ সুষ্ঠু পরিকল্পনার অভাব

**৭৭. উন্নয়নের জন্য বাংলাদেশের প্রধান সম্ভাবনা কী?** (জ্ঞান)
ⓐ গণতান্ত্রিক চর্চা ⓑ সমাজতন্ত্র কায়েম
ⓖ মুক্তিযুদ্ধের চেতনা ● জনশক্তি

**৭৮. স্বাধীনতার পর অর্থনীতির ক্ষেত্রে আমাদের কী হয়েছে?** [যশোর জিলা স্কুল]
● যথেষ্ট উন্নতি ⓑ যথেষ্ট অবনতি
ⓖ উন্নতি ⓓ অবনতি

**৭৯. আমাদের উন্নয়নের পথে সর্বাধিক সহায়ক হিসেবে কোনটি ভূমিকা রাখতে পারে?** (অনুধাবন)
ⓐ শিক্ষা ও প্রাকৃতিক সম্পদ ⓑ স্বাস্থ্য ও জনশক্তি
ⓖ সভ্যতা ও সংস্কৃতি ● মাটি ও জনশক্তি

**৮০. জনশক্তিকে কেন জনসম্পদ বলা হয়?** (অনুধাবন)
ⓐ অর্থনৈতিক সম্পদের জন্য ● দক্ষতার জন্য
ⓖ শিল্পে উন্নতির জন্য ⓓ রাজনৈতিক স্থিতিশীলতার জন্য

**৮১. দেশের জনশক্তিকে শিক্ষিত করার মাধ্যমে কীসে তৈরি করা যেতে পারে?** (জ্ঞান)
● জনসম্পদ ⓑ আধুনিক
ⓖ স্বনির্ভর ⓓ প্রযুক্তি নির্ভর

**৮২. জনগণকে মানব সম্পদে রূপান্তর করার প্রয়োজনীয়তার কারণ কী?** (অনুধাবন)
● দেশের উন্নয়ন ⓑ রপ্তানি বৃদ্ধি
ⓖ সুশাসন প্রতিষ্ঠা ⓓ স্থিতিশীলতা অর্জন

**৮৩. বাংলাদেশের প্রধান সম্ভাবনার ক্ষেত্র হিসেবে নিচের কোনটিকে চিহ্নিত করবে?** (অনুধাবন)
ⓐ খনিজ ও প্রাকৃতিক সম্পদ ⓑ পোশাক শিল্পের উজ্জ্বল অবস্থান
● বিরাট জনশক্তি ও উর্বর ভূমি ⓓ প্রবাসী শ্রমিকদের প্রেরিত অর্থ

**৮৪. জনশক্তিকে কীভাবে জনসম্পদে পরিণত করা যায়?** (অনুধাবন)
ⓐ কৃষির বহুমুখীকরণ করে ● শিক্ষা ও প্রশিক্ষণ দিয়ে
ⓖ নৈতিক ও মানসিক শিক্ষা দিয়ে ⓓ কারিগরি শিক্ষার প্রচলন করে

**৮৫. আমাদের দেশের বেশিরভাগ মানুষ সিদ্ধান্ত গ্রহণে অক্ষম থাকে কেন?** [ইউনিভার্সিটি ল্যাবরেটরী, ঢাকা]
ⓐ দরিদ্রতার কারণে ⓑ সংকীর্ণ মানসিকতার কারণে
● শিক্ষার অভাবে ⓓ পরিবারের সীমাবদ্ধতার কারণে

**৮৬. গ্রামের মানুষের জীবনমানের উন্নতি কীভাবে ঘটানো যায়?** (অনুধাবন)
ⓐ উচ্চ ফলনশীল বীজ ব্যবহার করে
ⓑ কৃষি উৎপাদন কয়েকগুণ বাড়িয়ে
ⓖ সার ও কীটনাশকের সঠিক ব্যবহার করে
● গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করে

**৮৭. সুষ্ঠু পরিকল্পনা ও কঠোর পরিশ্রমের দ্বারা উন্নতি লাভকারী দেশের উদাহরণ কোনটি?** (জ্ঞান)
ⓐ বাংলাদেশ ⓑ মিয়ানমার ● সিঙ্গাপুর ⓓ পাকিস্তান

**৮৮. উন্নয়নের জন্য বিরাট জনশক্তি বাংলাদেশের প্রধান সম্ভাবনার ক্ষেত্রের প্রধান বাধা কী?** (অনুধাবন)
ⓐ অদক্ষ জনসম্পদ ● জনগণের শিক্ষার অভাব
ⓖ শিল্পখাতের সীমাবদ্ধতা ⓓ কারিগরি জ্ঞানের অভাব

**৮৯. প্রাকৃতিক সম্পদহীন সিঙ্গাপুর কীভাবে উন্নত দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে?** (উচ্চতর দক্ষতা)
● সুষ্ঠু পরিকল্পনা ও কঠোর পরিশ্রমে ⓑ পর্যটন শিল্পের বিকাশ ঘটিয়ে
ⓖ ব্যবসা–বাণিজ্যের প্রসারে ⓓ শিক্ষা বিস্তার করে

**৯০. প্রাকৃতিক সম্পদ উত্তোলন ও ব্যবহারের ফলে কী ঘটবে?** (অনুধাবন)
● শিল্পোন্নয়নের গতি বাড়বে ⓑ বৈদেশিক বাণিজ্য
ⓖ বৈদেশিক মুদ্রা অর্জন ⓓ অভ্যন্তরীণ বাণিজ্য

**৯১. দেশের বেশির ভাগ মানুষ সিদ্ধান্ত গ্রহণে অক্ষম কেন?** (অনুধাবন)
ⓐ অর্থনৈতিক সমস্যা ⓑ সামাজিক সমস্যা
● শিক্ষার হার কম ⓓ রাজনৈতিক সমস্যা

**৯২. আমাদের দেশের শিল্পোন্নয়নের গতি বাড়াতে নিচের কোন কাজটি করা উচিত বলে তুমি মনে কর?** (উচ্চতর দক্ষতা)
ⓐ দেশের সম্ভাবনাময় শিল্পখাতকে সংকুচিত করা
ⓑ কয়লা, গ্যাস, তেল প্রভৃতি প্রাকৃতিক সম্পদের মূল্য বৃদ্ধি
● অব্যবহৃত প্রাকৃতিক সম্পদ উত্তোলন ও যথার্থ ব্যবহার
ⓓ পানি, বিদ্যুৎ ও গ্যাস বিদেশে রপ্তানি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৩. অবকাঠামোর আওতাভুক্ত–** (অনুধাবন)
i. সড়ক
ii. সেতু
iii. রেলপথ
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ⓑ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

**৯৪. আমাদের দেশের সম্ভাবনাময় শিল্পখাত–** [যশোর জিলা স্কুল]
i. সিরামিক
ii. ওষুধ
iii. সিমেন্ট
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ⓑ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

**৯৫. বাংলাদেশের উন্নয়নের পথে বাধা হচ্ছে–** [যশোর জিলা স্কুল]
i. দারিদ্র্য
ii. শিক্ষার অভাব
iii. বাল্য বিবাহ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ ii ● i ও ii ⓖ i ও iii

**৯৬. বিশ্বে আমাদের উজ্জ্বল সম্ভাবনাকে তুলে ধরছে–** (অনুধাবন)

i. পোশাক শিল্প
ii. প্রবাসী শ্রমিক
iii. ব্যবসা–বাণিজ্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ● i ও ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৯৭. অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত–** (অনুধাবন)

i. পরিকল্পনা প্রণয়ন
ii. বিনিয়োগ
iii. পরিকল্পনা বাস্তবায়ন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

**৯৮. ধান, পাট, শাকসবজি প্রভৃতি উৎপাদনের সঙ্গে সাদৃশ্যপূর্ণ–** (প্রয়োগ)

i. পশুপালন
ii. শিল্প উৎপাদন
iii. মৎস্য চাষ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৯ ও ১০০ নং প্রশ্নের উত্তর দাও :**

বাংলাদেশ সরকার কৃষি যন্ত্রপাতি, বীজ, কীটনাশক সার প্রভৃতিতে বিশেষ ভর্তুকি দেওয়ায় কৃষ্ণপুর গ্রামের পাট চাষিরা বেশ খুশি। কেননা এ বছর পাটের ফলন বেশ ভালো, আর দামও পাওয়া গেছে বেশ। এতে এ সংক্রান্ত শিল্প প্রতিষ্ঠান আরও শক্তিশালী হবে।

**৯৯. উদ্দীপকে কোন শিল্পের প্রতি ইঙ্গিত করা হয়েছে?** (প্রয়োগ)

ⓚ ওষুধ শিল্প ⓚ কুটির শিল্প ● পাট শিল্প ⓘ চামড়া শিল্প

**১০০. সরকারের বর্ণিত কর্মকাণ্ডের মাধ্যমে মূলত কোনটি শক্তিশালী হচ্ছে?** (উচ্চতর দৰতা)

ⓚ শহরের অর্থনীতি ⓚ বৈদেশিক বাণিজ্য
● গ্রামীণ অর্থনীতি ⓘ পোশাক শিল্প

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০২ ও ১০৩ নং প্রশ্নের উত্তর দাও :**

সবজি চাষি মিজান তার উৎপাদিত কাঁচা সবজি গ্রামেই বিক্রি করত। গ্রামে তেমন চাহিদা না থাকায় কম দামে বিক্রি করতে হতো। বঙ্গবন্ধু সেতু নির্মাণের পর এখন সে প্রতিদিন ঢাকায় এসে সবজি বিক্রি করায় তার আয় তিনগুণ বেড়ে যায়। [মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

**১০১. মিজানের আয় বৃদ্ধির মূল কারণ কী?**

● অবকাঠামোগত নির্মাণ ⓚ কৃষির উন্নয়ন
ⓖ ঝুঁকি গ্রহণ ⓘ সঠিক পরিকল্পনা

**১০২. আমাদের উক্ত বিষয়টির ওপর গুরুত্ব দেয়া প্রয়োজন–**

i. অর্থনৈতিক উন্নয়ন ii. শিল্পের প্রসার
iii. সামাজিক উন্নয়ন

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**➲ পাঠ-৫ : উন্নয়নের পূর্বশর্ত : দক্ষ জনশক্তি** ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৬০

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৩. রাষ্ট্রের অর্থনৈতিক সম্পদ হিসেবে কাকে ভাবা হয়?** (জ্ঞান)

● দৰ মানুষকে ⓚ শিৰিত মানুষকে
ⓖ ধনী মানুষকে ⓘ রবচিশীল মানুষকে

**১০৪. মানবসম্পদ কাকে বোঝায়?**

[ধানমন্ডি গভ. বয়েজ স্কুল, ঢাকা; পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ⓚ সম্পদশালী ● দৰ মানুষকে
ⓖ প্রজ্ঞাবান মানুষকে ⓘ জ্ঞানী মানুষকে

**১০৫. চীন দেশে কত লোক বাস করে?** (জ্ঞান)

ⓚ ১২০ কোটি ● ১৩৭ কোটি ⓖ ১৫০কোটি ⓘ ১৬০ কোটি

**১০৬. জনগণকে মানবসম্পদে রূপান্তর করার ৰেত্রে প্রধান ভূমিকা কাকে নিতে হবে?** (অনুধাবন)

● রাষ্ট্রকে ⓚ স্পীকারকে
ⓖ সমাজকে ⓘ শিৰাপ্রতিষ্ঠানকে

**১০৭. আমাদের সংবিধানে জনগণের জন্য কয়টি মৌলিক অধিকার বাস্তবায়নের অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে?** (জ্ঞান)

ⓚ ছয় ● পাঁচ ⓖ চার ⓘ তিন

**১০৮. মানুষের উৎপাদনশীলতা বলতে কী বোঝায়?** (অনুধাবন)

ⓚ মানুষ তার বিবেক দিয়ে কাজকর্ম পরিচালন করবে
ⓚ মানুষ কাজকর্ম পরিচালনা করার সময় জ্ঞান বুদ্ধি খাটাবে
● মানুষ তার দৰতা দিয়ে সম্পদ আহরণ করবে
ⓘ মানুষ তার শক্তিমত্তা ও সাহস দিয়ে কাজে প্রভাব বিস্তার করবে

**১০৯. কীভাবে জনগণ মানবসম্পদরূপে নিজেদের গড়ে তুলতে পারে?** (অনুধাবন)

● সরকারি সুযোগের সদ্ব্যবহার করে ⓚ আন্দোলন করে
ⓖ অধিক কৃষি উৎপাদন করে ⓘ ব্যবসা–বাণিজ্যের প্রসার করে

**১১০. দক্ষিণ আফ্রিকার দেশগুলোর দরিদ্রতার কারণ কী?** (জ্ঞান)

ⓚ অর্থনৈতিক সমস্যা ⓚ প্রাকৃতিক সম্পদের অভাব
● মানব সম্পদের অভাব ⓘ প্রযুক্তির অভাব

**১১১. দক্ষ মানুষকে কী বলে?** [ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, খিলগাঁও, ঢাকা]

ⓚ ভালো মানুষ ⓚ শিক্ষিত
● মানব সম্পদ ⓘ প্রকৃতিক সম্পদ

**১১২. কোন দেশটি আফ্রিকা মহাদেশে অবস্থিত?**

[ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, খিলগাঁও, ঢাকা]

ⓚ শ্রীলঙ্কা ⓚ মালদ্বীপ ⓖ ব্রুনাই ● মালি

**১১৩. রাষ্ট্রের বোঝা হিসেবে গণ্য করা হয় কাকে?** (অনুধাবন)

ⓚ প্রগতিশীল মানুষকে ● অদৰ মানুষকে
ⓖ শিৰিত মানুষকে ⓘ দৰ মানুষকে

**১১৪. নিচের কোনটি মৌলিক অধিকারের সঙ্গে অমিল প্রকাশ করে?** (প্রয়োগ)

ⓚ বস্ত্র ● বিনোদন ⓖ স্বাস্থ্য ⓘ বাসস্থান

**১১৫. দৰ মানুষ রাষ্ট্রের অর্থনৈতিক কার্যক্রমকে কী করতে পারে?** (অনুধাবন)

● গতিশীল ⓚ সম্ভাবনাময় ⓖ অগ্রসরমান ⓘ উন্নয়ন

**১১৬. মৌলিক অধিকার বাস্তবায়ন করা গেলে জনগণ দ্রবত কিসে রূপান্তরিত হব?** (অনুধাবন)

ⓚ সামাজিক সম্পদে ● মানবসম্পদে
ⓖ রাজনীতিবিদে ⓘ উদ্ভাবকে

**১১৭. মানুষকে মানবসম্পদে পরিণত করার উপায়ের সঙ্গে অসঙ্গতি প্রকাশ করে নিচের কোনটি?** (প্রয়োগ)

ⓚ কর্মমুখী শিৰা প্রদান ● ব্যক্তিগত সঞ্চয় বাড়ানো
ⓖ পেশাগত প্রশিৰণ দান ⓘ উদ্ভাবনী ৰমতার বিকাশ

**১১৮. প্রতিটি নাগরিক রাষ্ট্রের কাছে কয়টি অধিকার দাবি করতে পারে?** [বনশ্রী আইডিয়াল স্কুল]

ⓚ ৩ ⓚ ৪ ● ৫ ⓘ ৭

**১১৯. চীনের অর্থনীতি দ্রবত উন্নতি লাভ করতে কোনটি সহায়ক ভূমিকা রেখেছে?** (উচ্চতর দৰতা)

ⓚ চীনারা অসম্ভব পরিশ্রমী জাতি
ⓚ চীনের প্রাকৃতিক সম্পদের সর্বোচ্চ ব্যবহার
ⓖ চীনের কুটির ও হস্তজাত শিল্পের বিকাশ হওয়ায়
● চীনারা দৰ জনশক্তিতে রূপান্তরিত হওয়ায়

**১২০. বাংলাদেশ সরকারের পক্ষে জনগণের সকল চাহিদা পূরণ সম্ভব নয় কেন?** (উচ্চতর দৰতা)

ⓚ সরকারের উদাসীনতা ⓚ সরকারের স্বেচ্ছাচারিতা
● সীমিত সম্পদের জন্য ⓘ সরকারের সদিচ্ছার অভাব

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২১. আফ্রিকা মহাদেশে দরিদ্র দেশের মধ্যে রয়েছে–** (অনুধাবন)

i. মালি ii. শাদ

iii. নাইজার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**১২২. আমাদের সম্ভাবনার ক্ষেত্রগুলো হলো–** (অনুধাবন)
i. জনশক্তি
ii. শিক্ষা–সংস্কৃতি
iii. উর্বর ভূমি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii ● i ও iii (ঘ) i, ii ও iii

**১২৩. বাংলাদেশের প্রাকৃতিক সম্পদসমূহ হচ্ছে–** (অনুধাবন)
i. শিল্প কারখানা
ii. উর্বর মাটি
iii. বনভূমি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**১২৪. মানবসম্পদ তৈরির উপায়–** (উচ্চতর দক্ষতা)
i. প্রাথমিক শিক্ষা ও কর্মমুখী শিক্ষা প্রদান
ii. কর্মসংস্থান সৃষ্টি
iii. উৎপাদনমুখী কর্মকাণ্ডে প্রশিক্ষণ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii (গ) i ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৫ ও ১২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
মনিরামপুর গ্রামের মজনু চেয়ারম্যান গ্রামের বেকার যুবকদের স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের পরামর্শ দিলেন। প্রশিক্ষণ শেষে তিনি তাদের ঋণের ব্যবস্থা করে দেন। গৃহীত ঋণ নিয়ে কেউ মাছের খামার, কেউ মুরগির খামার, কেউ কুটিরশিল্প, কেউবা গবাদি পশুর খামার করে। তারা সবাই আজ গ্রামের প্রতিষ্ঠিত মানুষ।

**১২৫. মণিরামপুর গ্রামের যুবকদের জন্য বর্তমানে নিচের কোন অভিধা প্রযোজ্য?** (প্রয়োগ)
(ক) রাষ্ট্রের বোঝা (খ) বেকার যুবক
(গ) অদক্ষ মানুষ ● মানবসম্পদ

**১২৬. উদ্দীপকের যুবকদের প্রতিষ্ঠা লাভের কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
● সরকারি সুযোগের সদ্ব্যবহার (খ) কায়িক পরিশ্রম
(গ) সংঘবদ্ধ প্রচেষ্টা (ঘ) দৃঢ়প্রতিজ্ঞা

**নিচের অনুচ্ছেদটি পড়ে এবং ১২৭-১২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
লামিয়া যখনই তার মায়ের সাথে শপিংয়ে যায় তখনই লক্ষ করে প্রায় জিনিসের ক্ষেত্রে দোকানিরা বলে এটি চীনের তৈরি। লামিয়া জিজ্ঞেস করে, মা এর কারণ কী? মা উত্তরে বলেন, চীনে শুধু জনসংখ্যা বেশি নয়, ওদের জনশক্তিও অনেক দক্ষ। [জেলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

**১২৭. উক্ত দেশটির দক্ষ জনশক্তিকে আমরা কী নামে আখ্যায়িত করতে পারি?**
(ক) জনশক্তি ● মানব সম্পদ
(গ) প্রাকৃতিক সম্পদ (ঘ) কৃত্রিম সম্পদ

**১২৮. উক্ত দেশটির জনশক্তি দক্ষ হওয়ার ফলে নিচের কোনটি ঘটেছে?**
(ক) খাদ্য সংকট দেখা দিয়েছে
(খ) দুর্ভিক্ষ হয়েছে
● অর্থনীতি দ্রুত উন্নতি লাভ করেছে
(ঘ) জনসংখ্যা সমস্যা সৃষ্টি হয়েছে

**১২৯. চীনের মতো আমাদের উন্নয়ন ঘটাতে হলে যে সব পদক্ষেপ গ্রহণ করতে হবে তা হলো–**
i. কর্মমুখী শিক্ষা প্রদান ii. পেশাগত প্রশিক্ষণ প্রদান
iii. মূলধন খাটানোর কৌশল শিক্ষাদান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii (গ) i ও iii ● i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** গ্রামীণ অর্থনীতি



ক. বাংলাদেশের অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত কোনটি? ১
খ. অর্থনৈতিক জীবনধারা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের ছবিটি গ্রামীণ অর্থনীতির কোন খাতের উদাহরণ – ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমানে গ্রামীণ অর্থনীতিতে উক্ত খাতের অবস্থান পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**


**ক** বাংলাদেশের অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত কৃষি।

**খ** মানুষ জীবনধারণের জন্য যে অর্থনৈতিক কাজ করে তাই অর্থনৈতিক জীবনধারা। আমাদের সমাজে রয়েছে– কৃষক, কামার, কুমার, জেলে, শ্রমিক, ব্যবসায়ী, শিল্পপতি ইত্যাদি পেশাজীবী মানুষ। এরা সবাই জীবনধারণের তাগিদে নানা অর্থনৈতিক কাজ করে। এসব অর্থনৈতিক কাজের প্রেক্ষাপটে সৃষ্ট জীবনপ্রণালিই হচ্ছে অর্থনৈতিক জীবনধারা।

**গ** উদ্দীপকের ছবিটি গ্রামীণ অর্থনীতির কৃষিখাতের উদাহরণ। বাংলাদেশের বেশির ভাগ মানুষ গ্রামে বাস করে। আর গ্রামের অধিকাংশ মানুষ কৃষিজীবী। এদেশে ৮৭ হাজারেরও বেশি গ্রাম আছে। এসব গ্রামের অধিবাসীদের জীবিকার প্রধান অবলম্বন কৃষি। সে কারণে বাংলাদেশকে কৃষিনির্ভর দেশ বলা হয়। কৃষিকাজ ছাড়াও গ্রামের মানুষের একটা অংশ জেলে, তাঁতি, কামার, কুমোর, ছুতোর, মুচি হিসেবে তাদের জীবিকা নির্বাহ করে। এরা সবাই মিলে গ্রামে যে অর্থনীতি গড়ে তুলেছে তাকে বলে গ্রামীণ অর্থনীতি। এক্ষেত্রে উদ্দীপকের ছবিটি ফসলের খেতে চাষরত একজন কৃষকের। সুতরাং বলা যায়, উদ্দীপকের ছবিটি গ্রামীণ অর্থনীতির কৃষি খাতের উদাহরণ।

**ঘ** বর্তমানে গ্রামীণ অর্থনীতিতে কৃষির অবস্থান অনেক পাল্টে গিয়েছে। তবে স্পষ্টত বাংলাদেশ এখনও কৃষিনির্ভর দেশ এবং কৃষি গ্রামীণ অর্থনীতির প্রাণ। বস্তুত গ্রামীণ অর্থনীতি কৃষি অর্থনীতিরই নামান্তর। আমাদের অর্থনীতির সবচেয়ে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ খাত হওয়া সত্ত্বেও এক সময় কৃষি ছিল অত্যন্ত অবহেলিত। কিন্তু বর্তমানে কৃষিতে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার এবং সার, কীটনাশক ও উচ্চফলনশীল বীজের প্রয়োগের ফলে ফসলের উৎপাদনই শুধু বাড়েনি, গ্রামীণ অর্থনীতির জন্যও তা নতুন সম্ভাবনার সৃষ্টি করেছে। গ্রামের মানুষের শিক্ষা, স্বাস্থ্যসহ সামগ্রিক জীবনযাত্রার ওপর এর প্রভাব পড়ছে।

**প্রশ্ন– ২** গ্রামীণ অর্থনীতির গুরুত্ব




[সবুজ কানন স্কুল এন্ড কলেজ, সিরাজগঞ্জ; জামালপুর সরকারি বালিকা বিদ্যালয়]

ক. বর্তমানে বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কোনটি? ১
খ. বাংলাদেশকে কৃষিপ্রধান দেশ বলা হয় কেন? ২
গ. ছকের '?' স্থান বাংলাদেশের যে অর্থনীতিকে নির্দেশ করছে তার বর্ণনা দাও। ৩
ঘ. ছকের '?' চিহ্নিত স্থানের অর্থনীতির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** বর্তমানে বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল হলো চা।

**খ** বাংলাদেশের গ্রামাঞ্চলের অধিকাংশ মানুষ কৃষিজীবী। জীবিকার জন্যে তারা কৃষির ওপর নির্ভরশীল। এদেশের মাটি উর্বর হওয়ায় সহজেই ফসল উৎপন্ন হয়। তাই বাংলাদেশকে কৃষিপ্রধান দেশ বলা হয়।

**গ** ছকের '?' স্থান বাংলাদেশের গ্রামীণ অর্থনীতিকে নির্দেশ করেছে। বাংলাদেশের অধিকাংশ মানুষই গ্রামে বাস করে। আর গ্রামের অধিকাংশ লোক কৃষিজীবী। কিন্তু কৃষিকাজ ছাড়াও গ্রামের মানুষের একটা অংশ জেলে, তাঁতি, কামার, কুমোর, ছুতোর, মুদি হিসেবে তাদের জীবিকা নির্বাহ করে। এদের সবাইকে নিয়েই বাংলাদেশের গ্রামীণ অর্থনীতি সচল রয়েছে। সুতরাং ছকের '?' স্থান বাংলাদেশের গ্রামীণ অর্থনীতিকে নির্দেশ করছে।

**ঘ** ছকের '?' স্থানের তথা বাংলাদেশের গ্রামীণ অর্থনীতির গুরুত্ব অপরিসীম। আমাদের দেশের মোট খাদ্য চাহিদার বড় অংশ আসে কৃষি থেকে। আর গ্রামের মানুষই এর উৎপাদক। কোনো কারণে দেশে খাদ্য উৎপাদন কম হলে বিদেশ থেকে খাদ্য আমদানি করে সে ঘাটতি পূরণ করতে হয়। নতুবা দেশে দুর্ভিক্ষ দেখা দেবে। দেশে শিল্পের কাঁচামালের অন্যতম উৎসও হচ্ছে এ গ্রামীণ কৃষিখাত। অর্থাৎ দেশের শিল্প–বাণিজ্য ও জনগণের কর্মসংস্থানের বিষয়টি অনেক অংশেই গ্রামীণ অর্থনীতির ওপর নির্ভরশীল। বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে কৃষিখাতের অবদান প্রায় ২০ শতাংশ। সুতরাং ছকের '?' চিহ্নিত স্থানের অর্থনীতি তথা বাংলাদেশের গ্রামীণ অর্থনীতির গুরুত্ব অনস্বীকার্য।

**প্রশ্ন– ৩** ▶▶ শহুরে অর্থনীতির গরবত্ব

নাসির উদ্দিনের চার ছেলে। বড় ছেলে চার বছর ধরে বাস করে লন্ডনে। বাকি ছেলেদের মধ্যে একজন গ্রামে জমিজমা চাষাবাদ করে, অপর একজন পুলিশ বিভাগে চাকরি করে। সবচেয়ে ছোট ছেলেটি নির্মাণ বা ঠিকাদারি পেশায় নিয়োজিত। তার ছোট একটি ব্যবসা প্রতিষ্ঠানও আছে।

ক. বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কয়টি? ১
খ. শহুরে অর্থনীতি বলতে কী বোঝ? ২
গ. নাসির উদ্দিনের সবচেয়ে ছোট ছেলে কোন ধরনের অর্থনীতিতে অবদান রাখে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে উক্ত অর্থনীতির গুরবত্ব– আলোচনা কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত চারটি।

**খ** শহরের মানুষের অর্থনৈতিক জীবনধারার ফলে যে অর্থনীতি গড়ে ওঠে তাকে শহুরে অর্থনীতি বলে। শহরে বসবাসকারী মানুষ সাধারণত অফিস–আদালত ও শিল্প–কারখানায় চাকরি, ব্যবসা–বাণিজ্য, যানবাহন চালনা, নানা ধরনের দিনমজুরি ও বাসাবাড়িতে কাজ করে জীবিকা নির্বাহ করে। মূলত এসব মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে শহরাঞ্চলে যে অর্থনীতি গড়ে উঠেছে তাই শহুরে অর্থনীতি।

**গ** নাসির উদ্দিনের সবচেয়ে ছোট ছেলেটি শহুরে অর্থনীতিতে অবদান রাখে। শিল্পপতি, ব্যবসায়ী, চাকরিজীবী, পেশাজীবী, শ্রমিক, দিনমজুর, বস্তিবাসী সবাই মিলে শহরের অর্থনৈতিক জীবনকে সচল রাখে। উদ্দীপকে নাসির উদ্দীনের সবচেয়ে ছোট ছেলেটি নির্মাণ পেশার সঙ্গে জড়িত এবং তার একটি ব্যবসা প্রতিষ্ঠানও আছে। সুতরাং বলা যায়, সে শহরের অর্থনৈতিক জীবনব্যবস্থার একটি পেশার সাথে জড়িত। অর্থাৎ নাসির উদ্দিনের সবচেয়ে ছোট ছেলে শহুরে অর্থনীতিতে অবদান রাখছে।

**ঘ** নাসির উদ্দিনের সবচেয়ে ছোট ছেলের অবদান রাখা উক্ত অর্থনীতি তথা শহুরে অর্থনীতি বর্তমানে অতীব গুরবত্বপূর্ণ। শিল্পায়ন ও নগরায়নের ফলে আজ বাংলাদেশের গ্রাম ও শহরের মানুষের জীবনধারার পার্থক্য কিছুটা কমে আসছে। বাড়ছে গ্রাম ও শহরের একে অপরের উপর নির্ভরশীলতা। লেখাপড়া, কর্মসংস্থান, চিকিৎসা ইত্যাদির জন্য গ্রামের মানুষ এখন আগের তুলনায় অনেক বেশি শহরের উপর নির্ভরশীল। নগর জীবনের বিস্তার, শিল্পায়ন ও কাজের খোঁজে গ্রাম থেকে প্রতিদিন বহু লোক শহরে আসে। ফলে জাতীয় অর্থনীতিতে শহুরে জনগণের ভূমিকা দিন দিন আরও গুরবত্বপূর্ণ হয়ে উঠেছে।

**প্রশ্ন– ৪** ▶▶ বাংলাদেশের অর্থনীতিতে কৃষিখাতের অবদান

বর্তমানে বাংলাদেশ সরকার কৃষি যন্ত্রপাতি, বীজ, কীটনাশক, সার প্রভৃতিতে মূল্য হ্রাস, ভর্তুকি প্রদান এবং এগুলোর সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে কৃষি উন্নয়নের জন্য জোরালো পদক্ষেপ নিয়েছেন।

ক. বাংলাদেশ কোন শিল্পে সাফল্যের পরিচয় দিয়েছে? ১
খ. উন্নয়নের পথে প্রাকৃতিক সম্পদের ব্যবহার ব্যাখ্যা কর। ২
গ. নির্দেশিত অর্থনীতির খাতটির উন্নতিতে সরকারের জোরালো পদৰেপ নেয়ার একটি কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. আমাদের জাতীয় অর্থনীতিতে উক্ত খাতের অবদান মূল্যায়ন কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশ তৈরি পোশাক শিল্পে সাফল্যের পরিচয় দিয়েছে।

**খ** দেশের উন্নয়নে প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার অতীব গুরবত্বপূর্ণ। কয়লা, গ্যাস, তেল প্রভৃতি যেসব প্রাকৃতিক সম্পদ এখনও আমাদের দেশে অব্যবহৃত রয়েছে তা উত্তোলন ও ব্যবহার করতে হবে। এতে আমাদের দেশের শিল্পোন্নয়নের গতি বাড়বে। দেশ উন্নয়নের পথে এগিয়ে যাবে।

**গ** উদ্দীপকে অর্থনীতির কৃষিখাত বর্ণিত হয়েছে, যে খাতের উন্নয়নে সরকার জোরালো পদৰেপ নিয়েছেন। খাদ্যে স্বনির্ভর হওয়া এ জাতীয় পদৰেপের মূল কারণ। বর্তমানে খুব প্রয়োজনের সময়ও বিশ্ববাজার থেকে খাদ্যশস্য সংগ্রহ করা কঠিন হয়ে পড়ছে। খাদ্যশস্যের দামও খুব চড়া। এ অবস্থায় আমাদের মতো দেশগুলোর জন্য খাদ্যে স্বনির্ভর হওয়া ছাড়া উপায় নেই। এ জন্য আমাদেরকে কৃষি অর্থনীতিকে গুরবত্ব দিতে হবে। উন্নত কৃষি যন্ত্রপাতি, উচ্চফলনশীল বীজ, সার ও কীটনাশক ব্যবহার করে আমরা কৃষি উৎপাদনকে কয়েকগুণ বাড়িয়ে তুলতে পারি। আর এ লৰেই সরকার কৃষকদের ভর্তুকিমূল্যে সার ও অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ করছে।

**ঘ** আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষিখাতের অবদান অপরিসীম। প্রাচীনকাল থেকেই এদেশের অর্থনীতিতে কৃষি মুখ্য ভূমিকা পালন করে আসছে। বর্তমানেও এদেশের বেশিরভাগ মানুষ জীবিকার জন্য কৃষির উপর নির্ভরশীল। দেশের শিল্পের কাঁচামালের উৎসও কৃষি। ধান, পাট, চা, ডাল, রবিশস্য, শাকসবজি ও ফলমূল উৎপাদন; বনজ সম্পদ, পশুপালন ও মৎস্যচাষকে কৃষিখাতের মধ্যে ধরা হয়। সেৰেত্রে কৃষিখাত বিস্তৃত পরিসরে জাতীয় অর্থনীতিতে ভূমিকা রাখে। আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান ২০ শতাংশেরও বেশি। তবে মনে রাখতে হবে এদেশের অধিকাংশ লোক কৃষিজীবী। আর এ প্রেৰিতে জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান যারপরনাই গুরবত্বপূর্ণ।

**প্রশ্ন– ৫ ▶▶** বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের সম্ভবনা

'ক' দেশটি উন্নয়নশীল। '৭১–এ স্বাধীনতা লাভের পর দেশটি অর্থনীতির ৰেত্রে যথেষ্ট উন্নতি করলেও এ দেশটির উন্নয়নের পথে কতগুলো বাধা বা সমস্যা রয়েছে। [শহীদ পুলিশ স্মৃতি কলেজ, ঢাকা]

ক. জনশক্তিকে জনসম্পদে পরিণত করতে হলে কী দরকার? ১
খ. বাংলাদেশের উন্নয়নে শিল্পের প্রসারের সম্ভাবনা ব্যাখ্যা কর। ২
গ. 'ক' দেশটির উন্নয়নের পথে মূল বাধা কী? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর 'ক' দেশটির উন্নয়নের সম্ভাবনা উজ্জ্বল– যুক্তিপূর্ণ মতামত দাও। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** জনশক্তিকে জনসম্পদে পরিণত করতে হলে তার জন্য দরকার শিৰা ও উপযুক্ত প্রশিৰণ।

**খ** বাংলাদেশের উন্নয়নে শিল্পের প্রসার সম্ভাবনাময়। এ ৰেত্রে গার্মেন্টস, ঔষধ, সিমেন্ট, সিরামিকসহ দেশের সম্ভাবনাময় শিল্পখাতকে সম্প্রসারণ করতে হবে। যাতে দেশের চাহিদা মিটিয়ে এসব পণ্য আমরা আরও অধিক পরিমাণে বিদেশে রপ্তানি করতে পারি। তাতে আমাদের বৈদেশিক মুদ্রা আয়ের পরিমাণ বাড়বে ও অর্থনীতি শক্তিশালী হবে।

**গ** 'ক' দেশটি হচ্ছে বাংলাদেশ। যে দেশের উন্নয়নের পথে মূল বাধা জনগণের দারিদ্র্য ও শিৰার অভাব। বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। ১৯৭১ সালে স্বাধীনতার পর অর্থনীতির নানা ৰেত্রে আমরা যথেষ্ট উন্নতি করেছি। কিন্তু পৃথিবীর অন্যসব উন্নয়নশীল দেশের মতো বাংলাদেশেরও উন্নয়নের পথে কতগুলো বাধা বা সমস্যা রয়েছে। এর মধ্যে মূল বাধা জনগণের দারিদ্র্য ও শিৰার অভাব। বিশাল জনসংখ্যার দেশ আমাদের বাংলাদেশ। কিন্তু উন্নত দেশগুলোর তুলনায় আমাদের শিৰার হার খুব কম। শিৰার অভাবে আমাদের দেশের বেশিরভাগ মানুষ সিদ্ধান্ত গ্রহণে অৰম। উপরন্তু একই কারণে দেশের অধিকাংশ মানুষ দরিদ্র। আর এই দারিদ্র্য ও শিৰার অভাবই উন্নয়নের পথে মূল বাধা।

**ঘ** আমি মনে করি, 'ক' দেশ তথা বাংলাদেশের উন্নয়নের সম্ভাবনা অত্যন্ত উজ্জ্বল। প্রকৃতপৰে উন্নয়নের জন্য বাংলাদেশের চমৎকার সম্ভাবনা রয়েছে। যার মধ্যে প্রধান হলো আমাদের বিরাট জনশক্তি ও উর্বর ভূমি। উন্নয়নের পথে সমস্যাগুলোকে ঠিকভাবে চিনে তা দুর করতে হবে। সেই সঙ্গে আমাদের সম্ভাবনাগুলোকে পুরোপুরি কাজে লাগাতে হবে। তাহলে কয়েক বছরের মধ্যেই বাংলাদেশ বিশ্বের মধ্য–আয়ের দেশগুলোর একটিতে পরিণত হবে। আমাদের মাটি, পানি ও বিরাট জনশক্তি উন্নয়নের পথে একটি বড় সহায়। আমাদের দেশের মানুষ পরিশ্রমী। আমাদের দেশের প্রবাসী শ্রমিকেরা বিদেশের মাটিতে তার প্রমাণ দিচ্ছে। গার্মেন্টস বা পোশাক–শিল্পে বাংলাদেশ যে সাফল্যের পরিচয় দিয়েছে তাও উন্নয়নের পথে আমাদের উজ্জ্বল সম্ভাবনাকে তুলে ধরছে। আলোচনার প্রেৰিতে, যুক্তির বিচারে আমি মনে করি, বাংলাদেশের উন্নয়নের সম্ভাবনা উজ্জ্বল।

**প্রশ্ন– ৬ ▶▶** মানবসম্পদ উন্নয়ন

জনাব আনিছ সাহেব পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী পরিচালক পদে কর্মরত। রাষ্ট্রীয় প্রয়োজনে তিনি বর্তমানে সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র সফরে রয়েছেন। তিনি এই বিশালায়তন দেশটির প্রাকৃতিক সৌন্দর্য ও সম্পদ ভাণ্ডার দেখে বিমোহিত। সেখানে জনসংখ্যাও খুব বেশি নয়। অথচ তারা দরিদ্র। জনাব আনিছকে বিষয়টি হতাশ করে। তিনি উক্ত দেশের পদস্থ কর্মকর্তাদের সাথে তাদের সমস্যা উত্তরণের জন্য দৰ মানবসম্পদ সৃষ্টির উপর জোর দেন।

ক. মানবসম্পদ কী? ১
খ. চীন কেন দ্রবত অর্থনৈতিক উন্নতি লাভ করেছে? ২
গ. জনাব আনিছ সাহেব সেন্ট্রাল আফ্রিকা প্রজাতন্ত্রের কোন অবস্থা দেখে হতাশ হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দেশটির সমস্যা উত্তরণের জন্য জনাব আনিছ সাহেবের পরামর্শ কতটুকু যুক্তিযুক্ত? পাঠ্যবইয়ের আলোকে বিশেরষণ কর। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** দৰ মানুষকেই মানবসম্পদ বলা হয়।

**খ** দৰ জনসমষ্টি যেকোনো দেশের অর্থনৈতিক উন্নয়নে খুবই গুরবত্বপূর্ণ। চীন দেশে ১৩৫ কোটি মানুষ বাস করে। চীনে প্রতিটি মানুষের শিৰা, স্বাস্থ্য ও বাসস্থানের ব্যবস্থা করা হয়েছে। ফলে চীনের প্রতিটি মানুষ জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে পারছে। অর্থাৎ চীনারা দৰ জনশক্তিতে রূ পান্তরিত হওয়ায় চীনের অর্থনীতি দ্রবত উন্নতি লাভ করছে।

**গ** জনাব আনিছ সাহেব সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র দেশটি দরিদ্র দেখে হতাশ হয়েছেন। সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র দেশটি ভৌগোলিকভাবে বেশ বড় এবং জনসংখ্যাও কম। দেশটিতে প্রচুর পরিমাণে সম্পদও রয়েছে। অথচ দেশটির অদৰ জনশক্তির কারণে সম্পদগুলো কাজে লাগাতে পারছে না। অপরদিকে দৰ জনশক্তি রাষ্ট্রের অর্থনৈতিক সম্পদে পরিণত হয়। দৰ জনশক্তি তাদের মেধা, জ্ঞান ও দৰতা দিয়ে দেশকে উন্নয়নের দিকে ধাবিত করে থাকে। এৰেত্রে আফ্রিকান সেন্ট্রাল প্রজাতন্ত্র দেশটিতে দৰ জনশক্তির অভাব রয়েছে। তাদের জনসংখ্যা প্রাকৃতিক সম্পদকে কাজে লাগাতে পারছে না। ফলে বিষয়টি হতাশাজনক। স্বাভাবিকভাবেই উক্ত অবস্থা দেখে জনাব আনিছ সাহেব হতাশ হন।

**ঘ** উদ্দীপকের দেশটির সমস্যা উত্তরণে জনাব আনিছ সাহেবের পরামর্শ সম্পূর্ণভাবে যুক্তিসংগত। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য পূর্বশর্ত হলো দৰ জনশক্তি। উদ্দীপকে জনাব আনিছ সাহেব সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র দেশটির সমস্যা উত্তরণের জন্য জনশক্তিকে মানবসম্পদে পরিণত করার পরামর্শ দেন। আর এই দৰ জনশক্তিতে পরিণত করার জন্য কতগুলো উপায় রয়েছে। যেমন– ১. মানবসম্পদ প্রাথমিক শিৰা ও কর্মমুখী শিৰা প্রদান, ২. প্রযুক্তিগত জ্ঞান অর্জন ও প্রয়োগে সহায়তাদান, ৩. পেশাগত প্রশিৰণ দান ও দৰতা অর্জনে সহায়তা প্রদান, ৪. উৎপাদনমুখী কর্মকাণ্ডে প্রশিৰণ প্রদান, ৫. উৎপাদনমুখী কর্মকাণ্ডে মূলধন খাটানোর কৌশল শিৰাদান, ৬. উদ্ভাবনী ৰমতা বিকাশে সহায়তা, ৭. উন্নত স্বাস্থ্য ও বাসস্থানের নিশ্চয়তা প্রদান, ৮. ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি। এসব পদৰেপ গ্রহণ ও তা ঠিকভাবে কার্যকর করা গেলে দেশের শতভাগ মানুষ দৰ জনশক্তিতে পরিণত হওয়ার সুযোগ পাবে। আর শতভাগ দৰ জনশক্তি নিয়ে কোনো দেশ দরিদ্র থাকতে পারে

না। সেই দেশের উন্নতি অবশ্যম্ভাবী। সুতরাং বলা যায় যে উদ্দীপকের দেশটির অর্থনৈতিক উন্নয়নের জন্য জনাব আনিছ সাহেবের পরামর্শ যুক্তিসংগত।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৭** ▶▶ উন্নয়নের পথ

জামান জাতীয় প্রেসক্লাবে 'বাংলাদেশের অর্থনীতি উন্নয়নের উপায়' শীর্ষক এক সেমিনারে অংশ নেয়। সে বুঝতে পারে এদেশের অধিক জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা, শিল্পের প্রসার, অবকাঠামোগত নির্মাণ ইত্যাদির মাধ্যমে দ্রবত উন্নয়ন সম্ভব।

ক. বাংলাদেশের শিল্প শহরের নাম কী? ১

খ. মানুষকে কখন মানবসম্পদ বলা হয়? ২

গ. উদ্দীপকে জামান কী জানতে পারে? বর্ণনা কর। ৩

ঘ. দেশের উন্নয়নে জামানের জানতে পারা বিষয়গুলোর মধ্যে কোনটিকে তুমি অধিক গুরবত্বপূর্ণ বলে মনে কর? ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের শিল্পশহরের নাম নারায়ণগঞ্জ।

**খ** মানুষ যখন কোনো অর্থনৈতিক কর্মকান্ড সম্পর্কে দৰ হয়ে ওঠে তখন মনবসম্পদে পরিণত হয়। দৰ মানুষ রাষ্ট্রের অর্থনৈতিক কার্যক্রমকে গতিশীল করে সম্পদে পরিণত হয়। তাই দৰ মানুষকেই মানবসম্পদ বলা হয়।

***X-clusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** জনসংখ্যাকে জনসম্পদে রূ পান্তরের উপায় বর্ণনা কর।

**ঘ** জনসংখ্যাকে জনসম্পদে রূ পান্তরের জন্য শিৰার গুরবত্ব আলোচনা কর।

**প্রশ্ন– ৮** ▶▶ শহুরে অর্থনীতি

নদীভাঙনের শিকার হয়ে শাহানা ঢাকা শহরে এসেছে দুই বছর হলো। বস্তিতে থেকে ঝালমুড়ি বিক্রি করে তার শহুরে জীবন শুরব হয়েছিল। আজ সে নির্মাণ শ্রমিক। স্বামীর সহায়তায় মোবাইল ফোনের দোকান দিয়ে বাড়তি আয়ত্ত করে। শাহানা স্বাবলম্বী একজন শহুরে মানুষ।

ক. বাংলাদেশের কত ভাগ মানুষ শহরে বাস করে? ১

খ. আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির গুরবত্ব ব্যাখ্যা কর। ২

গ. শাহানার কাজ কোন অর্থনীতি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের অর্থনীতিতে শাহানার অবদান বিশেরষণ কর। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের প্রায় ৩০ ভাগ মানুষ শহরে বাস করে।

**খ** আমাদের বাংরাদেশের বেশিভাগ মানুষ জীবন ও জীবিকার জন্য কৃষির ওপর নির্ভরশীল। বর্তমানে আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান বিশ শতাংশেরও বেশি। অতএব, আমাদের জাতীয় অর্থনীতিতে কৃষির গুরবত্ব অপরিসীম।

***X-clusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** শহরের অর্থনৈতিক অবস্থা বর্ণনা কর।

**ঘ** দেশের অর্থনৈতিক উন্নয়নে শহরে অর্থনীতির গুরবত্ব আলোচনা কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ গ্রামের কৃষক কী ধরনের ফসল উৎপাদন করে থাকেন?**
**উত্তর :** গ্রামের কৃষক ধান, পাট, গম, ভুট্টা, শাকসবজি, ফলমূল ইত্যাদি উৎপাদন করে থাকেন।

**প্রশ্ন ॥ ২ ॥ আমাদের দেশে গ্রামের সংখ্যা কত?**
**উত্তর :** আমাদের দেশে গ্রামের সংখ্যা ৮৭ হাজারেরও বেশি।

**প্রশ্ন ॥ ৩ ॥ দেশের খাদ্য চাহিদার বড় অংশ কারা উৎপাদন করছে?**
**উত্তর :** দেশের খাদ্য চাহিদার বড় অংশ কৃষকেরা উৎপাদন করছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ ভাসমান মানুষেরা কোথায় রাত কাটায়?**
**উত্তর :** ভাসমান মানুষেরা অস্থায়ীভাবে ফুটপাত, পার্ক, রেলস্টেশন, লঞ্চঘাট, বড় দালানের বারান্দা ইত্যাদি স্থানে রাত কাটায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ অর্থনৈতিক উন্নয়নের প্রধান খাত কী?**
**উত্তর :** আমাদের অর্থনৈতিক উন্নয়নের প্রধান খাত কৃষি।

**প্রশ্ন ॥ ৬ ॥ আমদানি ও রপ্তানি কোন ধরনের বাণিজ্য?**
**উত্তর :** রপ্তানি ও আমদানি হলো আন্তর্জাতিক বাণিজ্য।

**প্রশ্ন ॥ ৭ ॥ জনশক্তিকে জনসম্পদে পরিণত করতে কী প্রয়োজন?**
**উত্তর :** জনশক্তিকে জনসম্পদে পরিণত করতে প্রয়োজন শিৰা ও উপযুক্ত প্রশিৰণ।

**প্রশ্ন ॥ ৮ ॥ উন্নয়নের পথে আমাদের সম্ভাবনাকে কোন শিল্পখাত তুলে ধরছে?**
**উত্তর :** গার্মেন্টিস বা পোশাক শিল্প আমাদের উন্নয়নের উজ্জ্বল সম্ভাবনাকে তুলে ধরছে।

**প্রশ্ন ॥ ৯ ॥ কোন মানুষ রাষ্ট্র ও সমাজের কাজে আসে?**
**উত্তর :** দৰ মানুষ রাষ্ট্র ও সমাজের কাজে আসে।

**প্রশ্ন ॥ ১০ ॥ কে রাষ্ট্রের অর্থনৈতিক কার্যক্রমকে গতিশীল করতে পারে?**
**উত্তর :** দৰ মানুষ রাষ্ট্রের অর্থনৈতিক কার্যক্রম গতিশীল করতে পারে।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কৃষক সমাজ দেশের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে ভূমিকা রাখে?**
**উত্তর :** বাংলাদেশের গ্রামাঞ্চলে অধিকাংশ মানুষ জীবিকার জন্য কৃষির ওপর নির্ভরশীল। জমিতে চাষ করে তারা শস্য উৎপাদন করেন। তা দিয়ে নিজেদের খাদ্যের চাহিদা মেটান। উৎপাদিত ফসলের একটি অংশ তারা বাজারে বিক্রি করে সেই অর্থে সংসারের অন্যান্য প্রয়োজন পূরণ করেন। বাড়তি শস্য উৎপাদন করে তারা দেশবাসীর খাদ্যের যোগান দেন। এভাবে তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখেন।

**প্রশ্ন ॥ ২ ॥ শহরের অর্থনৈতিক কর্মকান্ড চিহ্নিত কর।**
**উত্তর :** বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় এক–চতুর্থাংশ শহরাঞ্চলে বাস করে। শহরে বসবাসকারী মানুষ সাধারণত অফিস–আদালত ও শিল্প–কারখানায় চাকরি, ব্যবসা–বাণিজ্য, যানবাহন চালনা, নানা ধরনের দিনমজুরি ও বাসাবাড়িতে কাজ করে জীবিকা নির্বাহ করে। ভিন্ন ভিন্ন চাহিদার কারণে শহর এলাকার ভিন্ন ধরনের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালিত হয়। ডাক্তার, ইঞ্জিনিয়ার, ব্যাংকার, শিল্পী, আইনব্যবসা, সাংবাদিকতা ইত্যাদি পেশাজীবী মানুষ বাস করে শহর অঞ্চলে।

**প্রশ্ন ॥ ৩ ॥ আমাদের দেশে শিল্পের পাশাপাশি কৃষিকেও গুরবত্ব দিতে হবে কেন?**
**উত্তর :** আজকের বিশ্বে শিল্পোন্নয়নকে অত্যন্ত গুরবত্ব দেয়া হলেও কৃষিখাতকে উপেৰা করার সুযোগ নেই। বর্তমানে খুব প্রয়োজনের সময় বিশ্ববাজার থেকে খাদ্য শস্য সংগ্রহ করা কঠিন হয়ে পড়েছে। খাদ্যশস্যের দামও খুব চড়া। এ অবস্থায় আমাদের মতো দেশগুলোর জন্য খাদ্যে স্বনির্ভর হওয়া ছাড়া উপায় নেই। এজন্য আমাদেরকে শিল্পোন্নয়নের পাশাপাশি কৃষিকেও গুরবত্ব দিতে হবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ প্রবাসীদের প্রেরিত অর্থ আমাদের অর্থনীতিতে কী অবদান রাখছে?**

**উত্তর :** আমাদের দেশের লাখ লাখ লোক মধ্যপ্রাচ্য, ইউরোপ, আমেরিকাসহ পৃথিবীর নানা অঞ্চলে চাকরি এমনকি ব্যবসা–বাণিজ্য করছে। তাদের অর্জিত বৈদেশিক মুদ্রা তারা নিয়মিত দেশে পাঠাচ্ছে। প্রবাসীদের প্রেরিত অর্থ বাংলাদেশের অর্থনীতিতে বিরাট ভূমিকা পালন করে আসছে। এই অর্থ কেবল তাদের পরিবার পরিজনেরই ভাগ্য ফেরাচ্ছে না আমাদের জাতীয় অর্থনীতির উন্নয়নেও বিরাট অবদান রাখছে।

**প্রশ্ন ॥ ৫ ॥ গ্রামের মানুষের জীবনমানের উন্নতি কীভাবে ঘটানো যায়?**

**উত্তর :** গ্রামপ্রধান বাংলাদেশে কৃষিই আমাদের উন্নয়নের প্রধান খাত। আধুনিক যন্ত্রপাতি, উচ্চ ফলনশীল বীজ, সার ও কীটনাশকের সঠিক ব্যবহার এবং সেচ সুবিধা সম্প্রসারণের দ্বারা আমরা আমাদের কৃষি উৎপাদনের পরিমাণ বাড়াতে পারি। এতে আমাদের গ্রামের মানুষের জীবনমানের উন্নতি ঘটবে ও গ্রামীণ অর্থনীতি শক্তিশালী হবে।

**প্রশ্ন ॥ ৬ ॥ অবকাঠামো নির্মাণকে কেন আমাদের গুরবত্ব দিতে হবে?**

**উত্তর :** অবকাঠামো নির্মাণ অর্থাৎ সড়ক, সেতু, রেলপথ এবং পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ ব্যবস্থার উন্নতি বা সম্প্রসারণ আমাদের করতে হবে। তা না হলে শিল্প বা কৃষি, বাণিজ্য বা সেবা কোনো ৰেত্রেই আমরা উন্নতি লাভ করতে পারব না। অর্থনৈতিক উন্নয়নের শর্ত হিসেবে অবকাঠামো নির্মাণের ব্যাপারে অবশ্যই আমাদের গুরবত্ব দিতে হবে।

**প্রশ্ন ॥ ৭ ॥ মানবসম্পদ সৃষ্টিতে রাষ্ট্র ও জনগণের ভূমিকা কী?**

**উত্তর :** মানবসম্পদ সৃষ্টিতে রাষ্ট্র ও জনগণের ভূমিকা অঙ্গাঙ্গিভাবে জড়িত। জনগণকে মানবসম্পদে রূ পান্তর করার ক্ষেত্রে রাষ্ট্রকে অগ্রণী ভূমিকা পালন করতে হয়। আধুনিক যুগে যেসব রাষ্ট্র জনগণের অন্ন, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা ও বাসস্থানের দায়িত্ব পালন করেছে সেসব রাষ্ট্রের জনগণ দ্রুত মানবসম্পদে রূ পান্তরিত হয়েছে। সেসব দেশ দ্রুত উন্নতিও লাভ করেছে। আর যেসব রাষ্ট্র এসব দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে, সেখানকার জনগণ মৌলিক অধিকার বঞ্চিত হয়ে মানবেতর জীবনযাপন করছে। এজন্য বাংলাদেশ একটি আধুনিক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে জনগণকে মানবসম্পদে পরিণত করতে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।